

বাংলাদেশ



গেজেট

জারি নং

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ৬, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৪ই শ্রাবণ, ১৩৯৮/৩০শে জুলাই, ১৯৯১

এস, আর, ও নং ২৩০-আইন/৯১/১১-মুদ্রক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৪২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নির্দেশ দান করিলেন যে, কালেক্টর এর অধস্তন পদস্থ কর্মচারীগণ কখনো মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক উক্ত আইন বা উহার অধীনে প্রণীত কোন বিধিমালায় আওতার প্রদত্ত কোন আদেশ বা সিদ্ধান্তের দ্বারা সংকুচিত কোন ব্যক্তি উক্ত আদেশ বা সিদ্ধান্তের বিরুদ্ধে, উক্ত ধারায় উল্লিখিত সময়সীমার মধ্যে, সংশ্লিষ্ট অধিক্ষেত্রের উপর এখতিয়ারসম্পন্ন কালেক্টর (আপীল) এর নিকট আপীল দায়ের করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উপরি-উক্তভাবে আপীলকৃত আদেশ বা সিদ্ধান্ত প্রদান এবং দায়েরকৃত আপীল প্রক্রিয়ায় চূড়ান্ত নিষ্পত্তি সম্পাদনের মধ্যবর্তী সময়কালে উক্ত আদেশ বা সিদ্ধান্ত প্রদানকারী কর্মকর্তা যদি পেশোনিতির মাধ্যমে উক্ত অধিক্ষেত্রে কালেক্টর (আপীল) নিযুক্ত হন, তবে সংকুচিত ব্যক্তি জাতীয় রাজস্ব বোর্ড-এর নিকট আপীল পেশ করিবেন।

২। কালেক্টর, মূল্য সংযোজন কর কর্তৃক প্রদত্ত কোন আদেশ বা সিদ্ধান্তের দ্বারা সংকুচিত কোন ব্যক্তি জাতীয় রাজস্ব বোর্ডে উক্ত ধারা ৪২ এর অধীন আপীল দায়ের করিবেন।

৩। এই প্রজ্ঞাপন ১৬ই আষাঢ়, ১৩৯৮ বাংলা মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুরুল হোসেইন খান

সচিব।

( ৮০৮০ )

মূল্য : টাকা ১.০০

## জাতীয় রাজস্ব বোর্ড

মূল্য সংযোজন কর  
প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই শ্রাবণ, ১৩৯৮/২৯শে জুলাই, ১৯৯১

এস, আর, ও নং ২৩১-আইন/৯১/১৫-মুদক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৪০ এর দফা (খ) এর উপ-দফা (আ)-তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উক্ত আইনের আওতার সুচিত ন্যায় নির্ণয়সমূহে নিম্নলিখিত জনা মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের নিম্নরূপ এখতিয়ার এবং ক্ষমতা নির্ধারণ করিলেন, বধা :

ন্যায় নির্ণয়নের ধরণ	কর্মকর্তাগণের পদবী	এখতিয়ার ও ক্ষমতা
১	২	৩
(ক) পণ্য বাজেয়াপ্তকরণ এবং অর্ধদণ্ড আরোপ-যোগ্য ন্যায় নির্ণয়নের ক্ষেত্রে।	কালেক্টর, মূল্য সংযোজন কর	যে ক্ষেত্রে পণ্য মূল্য ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক ;
	অতিরিক্ত কালেক্টর, মূল্য সংযোজন কর	যে ক্ষেত্রে পণ্য মূল্য অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা ;
	যুগ্ম-কালেক্টর, মূল্য সংযোজন কর	যে ক্ষেত্রে পণ্য মূল্য অনধিক ৪ (চার) লক্ষ টাকা ;
	উপ-কালেক্টর, মূল্য সংযোজন কর	যে ক্ষেত্রে পণ্য মূল্য অনধিক ২ (দুই) লক্ষ টাকা ;
	সহকারী কালেক্টর, মূল্য সংযোজন কর	যে ক্ষেত্রে পণ্য মূল্য অনধিক ১ (এক) লক্ষ টাকা ;
	সুপারিনটেনডেন্ট, মূল্য সংযোজন কর	যে ক্ষেত্রে পণ্য মূল্য অনধিক ২৫ (পঁচিশ) হাজার টাকা ;
(খ) শুল্কহীন অর্ধদণ্ড প্রদান-যোগ্য ন্যায় নির্ণয়নের ক্ষেত্রে।	বিভাগীয় কর্মকর্তা	পূর্ণ ক্ষমতা।

২। অনুচ্ছেদ ১ এ বর্ণিত “পণ্য মূল্য” এর মধ্যে পণ্যসম্বন্ধে আটককৃত বানবাহনের মূল্য অন্তর্ভুক্ত হইবে না।

৩। এই প্রজ্ঞাপন ১৬ই আষাঢ়, ১৩৯৮ বাংলা মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

শাহ আব্দুল হান্নান  
সদস্য (আবগারী)।

মো: সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রাগাল, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মো: আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।